

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।



পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৬৫.৫৬১.৪৮৮

তারিখ: ১১/০৫/২০২০ খ্রি.

বিষয়: প্রোডিউসার অর্গানাইজেশন (পিও) ভুক্ত সুফলভোগী সদস্যদের উৎপাদিত মৎস্য পণ্য বাজারজাতকরণে সহযোগিতা করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন দাতা সংস্থা বিশ্বব্যাংক, ইফাদ ও USAID এর যৌথ আর্থিক সহায়তাপুষ্ঠ একটি উন্নয়ন প্রকল্প। এ প্রকল্পের মূল উদ্দেশ্য মাছের উৎপাদন বৃদ্ধির জন্য প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে প্রান্তিক মাছচাষীদের উৎপাদনশীলতা বৃদ্ধিসহ মাছচাষীদের বাজারে প্রবেশাধিকার নিশ্চিত করা।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্পের আওতায় মাছের উৎপাদন বৃদ্ধির সাথে সাথে প্রান্তিক মৎস্যচাষীদের বাজারে সরাসরি অংশগ্রহণ নিশ্চিত ও বাজারজাতকরণ প্রক্রিয়া সহজ করার লক্ষ্যে প্রকল্পভুক্ত নির্ধারিত উপজেলায় ২২টি ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যচাষী ও মৎস্য ব্যবসায়ীদের সমন্বয়ে উপজেলা মৎস্য প্রোডিউসার অর্গানাইজেশন (ইউএফপিও) গঠন করা হয়েছে। এছাড়া, ইউএফপিও এর গুপ মোবাইলাইজেশন, বাজারে প্রবেশ বৃদ্ধি করার জন্য মার্কেট লিংকেজ স্থাপনসহ সার্বিক কার্যক্রম পরিচালনায় সহযোগিতা করার জন্য এনএটিপি-২ প্রকল্প, মৎস্য অধিদপ্তরের আওতায় "ক্রান্তি এসোসিয়েটস্ লিঃ" নামক একটি সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সংক্রান্ত কনসালটেশন ফার্ম সহযোগি হিসাবে কাজ করছে।


৩। ক্ষুদ্র ও প্রান্তিক মাছচাষীদের ন্যায্য মূল্য নিশ্চিতকরণের উদ্দেশ্যে এবং বৈশ্বিক মহামারী কোভিড-১৯ কালীন পরিস্থিতিতে জনসাধারণের জন্য নিরাপদ প্রাণিজ আমিষের সংস্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার স্বার্থে আপনার প্রতিষ্ঠানে এনএটিপি-২ প্রকল্পের আওতায় গঠিত পিও সমূহের মৎস্যচাষীদের উৎপাদিত গুণগতমান সম্পন্ন ও ভেজালমুক্ত নিরাপদ মাছ বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

৪ উল্লেখ্য যে, প্রকল্পভুক্ত প্রোডিউসার অর্গানাইজেশনের সদস্য কর্তৃক উৎপাদিত মাছ গুণগতমান সম্পন্ন, পরিবেশবান্ধব ও উত্তম মৎস্যচাষ পদ্ধতিতে চাষকৃত, সরাসরি মৎস্যচাষির খামার থেকে আহরণকৃত, কুল চেইন (cool chain) ব্যবস্থাপনা অনুসরণ করে পরিবহনকৃত ও ভেজালমুক্ত এবং চাহিদা অনুযায়ী নিরবিচ্ছিন্ন মাছ সরবরাহযোগ্য।

৫। আপনার প্রতিষ্ঠানের চাহিদা প্রাপ্তি সাপেক্ষে মাছের সরবরাহ প্রদানে প্রকল্প নিয়োজিত সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সংক্রান্ত কনসালটেশন ফার্ম "ক্রান্তি এসোসিয়েটস" প্রয়োজনীয় যোগাযোগ ও সার্বিক সহযোগিতা করবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২ প্রকল্প, মৎস্য অধিদপ্তর অংগ সার্বিক তদারকি করবে।

৬। আশাকরি দেশ ও জাতির এ ক্রান্তি লগ্নে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাছ বাজারজাতকরণে সহযোগিতা করে দেশে নিরাপদ আমিষের সংস্থান সচল রাখতে আপনার প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।


১১/০৫/২০২০


(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ই-মেইল: monidof@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, প্রকল্প ম্যানেজমেন্ট ইউনিট, এনএটিপি-২, বিএআরসি ভবন, ফার্মগেট, ঢাকা।
৩. উপপরিচালক-----।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা মৎস্য কর্মকর্তা-----।
৬. সিনিয়র সহকারী পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. সহকারী পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।
৯. ম্যানেজার(ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১০. সহকারী আইসিটি স্পেশালিস্ট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ট্রান্সি এসোসিয়েটস লিঃ, -----।
১২. সভাপতি/সেক্রেটারি, প্রোডিউসার অর্গানাইজেশন (সকল)।
১৩.।
১৪. অফিস নথি।


১১/০৫/২০২০
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট